



বাংলাদেশের
দুর্ভাগ্যহীন
Bangladesh

রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন (৯ম তলা),
১, কাওরান বাজার, ঢাকা।
www.epb.gov.bd



নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৭৬৪.২৩/১২৩০(১)

তারিখঃ ২৯ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
১৪ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আগামী ১৬-১৯ জানুয়ারি, ২০২৪ সময়ে “৪০th IM Intermoda 2024” শীর্ষক মেলায় অংশগ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ১৬-১৯ জানুয়ারি, ২০২৪ সময়ে Guadalajara, Mexico-তে অনুষ্ঠিত “৪০th IM Intermoda 2024” শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। মেলাটি রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত আছে। উক্ত মেলায় Apparel, Textiles and Fashionable পণ্যাদি প্রদর্শন করা হবে। উল্লেখ্য, Apparel, Textiles and Fashionable পণ্য খাতের রপ্তানি বাজার অন্বেষণ এবং সম্প্রসারণের জন্য প্রস্তাবিত মেলাটি একটি আদর্শ প্লাটফর্ম। মেলার তথ্যাদি নিম্নরূপঃ

মেলার নাম	:	৪০ th IM Intermoda 2024
মেলার সময়কাল	:	১৬-১৯ জানুয়ারি, ২০২৪
মেলার ভেন্যু	:	Expo Guadalajara Exhibition Center, Guadalajara, Mexico
আয়োজক	:	Internacionales de la Moda SA de CV
বুথের সাইজ	:	(3.60m x 3.60m) 12.96 sqm
বুথ টাইপ	:	Shell Scheme
বুথ ভাড়া	:	US\$ 3,250.00 (তিন হাজার দুইশত পঞ্চাশ) মাত্র। টাকা: ৩,৮৫,০০০.০০/- (তিন লক্ষ পঁচাত্তর হাজার টাকা) মাত্র।
প্রদর্শনী পণ্যঃ	:	Apparel, Textiles and Fashion Products.

০২। উল্লেখ্য, মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বুথ মূল্যের উপর নিম্নরূপ হারে ভর্তুকী প্রদান করা হবে:

(i) তৈরি পোশাক এর প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	“ক”	৩০%
০২	০৫-১০	“খ”	৪০%
০৩	০৫-নতুন রপ্তানিকারক	“গ”	৫০%


(ii) বিশেষ খাত:

ক্রঃ নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	নারী উদ্যোক্তা	-	৬০%

স্মার্তব্য, সাবসিডি শুধুমাত্র একটি বুথের জন্য প্রযোজ্য। কোন প্রতিষ্ঠান বা কোন গুপের Strategic Business Unit একের অধিক বুথ নিলে অতিরিক্ত বুথের জন্য ১০০% অর্থ প্রদান করতে হবে।

৩। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদন পত্রের সাথে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি ইপিবি-এর অনুকূলে পে-অর্ডার আগামী ২৩-১১-২০২৩ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেডলাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী সর্বোচ্চ ০২ জন (দুই জন) প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য, মেলা সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাদির জন্য জনাব মোঃ আপেল মাহমুদ (মেলা ও প্রদর্শনী বিভাগ) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। (ফোন নম্বরঃ ০১৫১৫-৬৪৭৭৮৯)

০৪। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি দায়-দায়িত্ব বহন করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।


 (আবু মোখলেছ আলমগীর হোসেন)
 পরিচালক (মেলা)

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ নং-৭/৭এ, সেক্টর নং-১৭, ব্লক নং-এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০, ই-মেইল: info@bgmea.com, fair@bgmea.com.bd
২. সভাপতি, বাংলাদেশ নীটওয়ার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: bkfair@bkmea.com
৩. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পাছপথ, কাওরান বাজার, ঢাকা। ই-মেইল: btma2@yahoo.com
৪. সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়ার লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, পল্টন টাওয়ার, ৮৭ পুরানা পল্টন লেন (সোউথষ্ট কর্নার), ঢাকা-১০০০। E-mail: btlla@aitlbd.net, E-mail: info@btllmea.com
৫. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস ওনার্স এসোসিয়েশন, Fortune Villa(2nd floor), 16/10, Rankin Street, Dhaka- 1203, Bangladesh. +88-02-7115478, 9532021. E-mail: info@bdtradeinfo.com, bdtradeinfo@gmail.com
৬. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস এক্সসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা।
৭. প্রেসিডেন্ট, বাংলাদেশ বায়িং হাউজ এসোসিয়েশন, ঢাকা।
- ✓ ৮. প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ০১। নির্বাহী সহকারী টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। পি এ টু, মহাপরিচালক-১, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।